

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারক নং: ১০১

তারিখ: ১১/০৬/২০২৪

বরাবর

১। উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

..... জেলা (সকল)

২। প্রকল্প পরিচালক


..... প্রকল্প (সকল)

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

বিষয়: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় স্থাপিত বামিস পোর্টাল ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি আবহাওয়া পূর্বাভাস এবং এ সম্পর্কিত নির্দেশনা কৃষক ও কৃষি সংশ্লিষ্ট সকলের কাছে পৌছে দেওয়ার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে কৃষি আবহাওয়া তথ্য সেবা ওয়েবপোর্টাল [Bangladesh Agro-Meteorological Information Service- BAMIS ([www.bamis.gov.bd](http://www.bamis.gov.bd))] এবং বামিস মোবাইল এ্যাপ তৈরি করা হয়েছে। এ পোর্টালে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত আবহাওয়া সংক্রান্ত তথ্য উপাত্ত এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত নদ নদীর তথ্য উপাত্ত সরিবেশিত হয়। প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে প্রকল্পের আওতায় নিয়মিত জেলা, আঞ্চলিক/জাতীয় পর্যায়ে কৃষি আবহাওয়া বুলেটিন এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্ঘটনার আগে ও পরে করণীয় সম্পর্কে সচেতন করে বিশেষ কৃষি আবহাওয়া বুলেটিন প্রস্তুত করে বামিস পোর্টালে আপলোড করা হয়। কৃষি আবহাওয়া বুলেটিনের পাশাপাশি কৃষি ক্ষেত্রে প্রয়োজনীয় অন্যান্য তথ্যও এ পোর্টালে বিদ্যমান। কৃষি সংশ্লিষ্ট সকলের জন্য গুরুত্বপূর্ণ এ পোর্টালের ব্যবহার বৃক্ষি করা গেলে কৃষি আবহাওয়া সম্পর্কিত তথ্য সেবা সহজলভ্য করার মাধ্যমে এদেশের কৃষি উৎপাদন বৃক্ষিতে ইতিবাচক ভূমিকা রাখা সম্ভব হবে।

এমতাবস্থায় দেশে ইলাইমেট স্মার্ট এগ্রিকালচার নিশ্চিত করার মাধ্যমে কৃষি উৎপাদন বৃক্ষির লক্ষ্যে আপনার প্রকল্পের/কার্যালয়ের আওতায় আয়োজিত বিভিন্ন কার্যক্রমে বামিস পোর্টাল পরিচিতি ও এর গুরুত্ব উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো। এ বিষয়ে যে কোন প্রয়োজনে ড. মো: শাহ কামাল খান, প্রকল্প পরিচালক, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প (যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪, ইমেইল: [Kamalmoa@gmail.com](mailto:Kamalmoa@gmail.com)) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

  
১১/০৬/২০২৪  
(বাদল চন্দ্ৰ বিশ্বাস)

মহাপরিচালক  
ফোন: ০২৫৫০২৮৩৭০  
ইমেইল: [dg@dae.gov.bd](mailto:dg@dae.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা।

২। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....অঞ্চল।